ভারত–ক্যানাডা: পঞ্চম দফার আলোচনা

এই সময়: ক্যানাডায় থাকা প্রিয়জনের জন্য ভারতীয় মশলা, ওষুধ বা পোশাক পাঠানো হোক, কিংবা ক্যানাডার ডাল, সার, কয়লা বা জ্বালানি এ দেশে আসুক—দুই দেশের সম্পর্ক শুধুমাত্র কূটনীতির টেবিলে আটকে নেই, তার সঙ্গে জড়িয়ে রয়েছে লক্ষ লক্ষ মানুষের দৈনন্দিন জীবন ও ব্যবসা-বাণিজ্য। সেই পুরোনো সম্পর্কেই নতুন করে গতি আনতে এ বার বাণিজ্য আলোচনার টেবিলে বসছে ভারত ও ক্যানাডা। প্রস্তাবিত কম্প্রিহেনসিভ ইকোনমিক পার্টনারশিপ এগ্রিমেন্ট বা সিইপিএ নিয়ে পঞ্চম দফার আলোচনা শুরু হচ্ছে আজ, সোমবার থেকে ক্যানাডার ওটাওয়ায়। ৯ অক্টোবর পর্যন্ত পাঁচ দিন ধরে এই আলোচনা চলতে পারে। দুই দেশের প্রধান আলোচনাকারীরা চলতি ক্যালেন্ডার বছরের মধ্যেই চুক্তি চূড়ান্ত করার লক্ষ্যে এগোচ্ছেন বলে সরকারি সূত্র উদ্ধৃত করে সংবাদসংস্থা জানিয়েছে। ফলে দীর্ঘ টানাপড়েনের পরে ভারত-ক্যানাডা বাণিজ্য সম্পর্কের সামনে নতুন সম্ভাবনার দরজা খুলছে বলেই মনে করছে সংশ্লিষ্ট মহল।

গত ১৮ সেপ্টেম্বর নয়াদিল্লিতে দুই দেশের প্রতিনিধিদলের মধ্যে চতুর্থ দফার আলোচনা শেষ হয়েছিল। তার পরে খুব বেশি সময় না নিয়েই পঞ্চম দফায় বসতে চলেছে দুই দেশ। শুধু আলোচনার টেবিলেই নয়, রাজনৈতিক স্তরেও দুই দেশের সম্পর্কের বরফ গলতে শুরু করেছে। ক্যানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি গত মাসে জানিয়েছিলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী চলতি বছরের ডিসেম্বর নাগাদ ক্যানাডা সফর করতে পারেন। সেই সফরের আগে বাণিজ্য চুক্তির আলোচনায় কোনও বড় অগ্রগতি হলে তা দুই দেশের সম্পর্ককে আরও ইতিবাচক বার্তা দিতে পারে। আলোচনায় গতি আনতে চলতি মাসের শেষ দিকে ক্যানাডার বাণিজ্যমন্ত্রী মনিন্দর সিধু ৩০০ সদস্যের একটি বিশাল ব্যবসায়ী প্রতিনিধিদল নিয়ে নয়াদিল্লিতে আসবেন। গত মাসেই মুম্বইয়ে ভারতের বাণিজ্যমন্ত্রী পীযূষ গোয়েলের সঙ্গে বৈঠকে আলোচনার অগ্রগতি পর্যালোচনা করেছেন সিধু।

কম্প্রিহেনসিভ ইকোনমিক পার্টনারশিপ

সিইপিএ কার্যকর হলে দুই দেশের মধ্যে বিপুল সংখ্যক পণ্যের আমদানি-রপ্তানিতে শুল্ক উল্লেখযোগ্য ভাবে কমানো বা তুলে দেওয়ার সুযোগ তৈরি হবে। একই সঙ্গে দক্ষ পেশাদারদের এক দেশ থেকে অন্য দেশে যাতায়াত সহজ করা এবং দুই দেশের মধ্যে বিনিয়োগ বাড়ানোর ক্ষেত্রে নিয়মকানুন কিছুটা শিথিল হতে পারে। ভারতীয় রপ্তানিকারীদের কাছে তাই ক্যানাডার বাজার আরও আকর্ষণীয় হয়ে উঠতে পারে। বিশেষ করে ওষুধ, লোহা ও ইস্পাত, সামুদ্রিক পণ্য, তুলোর পোশাক, বৈদ্যুতিন পণ্য ও রাসায়নিকের মতো ক্ষেত্রে রপ্তানি বাড়ানোর সম্ভাবনা রয়েছে। অন্য দিকে, ক্যানাডা থেকে ভারেত ডাল, মুক্তো, আধা-মূল্যবান পাথর, কয়লা, সার, কাগজ এবং অপরিশোধিত তেল আসে। সিইপিএ হলে এই পণ্যগুলির বাণিজ্যেও নতুন সুযোগ তৈরি হতে পারে।

প্রসঙ্গত, মাঝে দুই দেশের সম্পর্ক একদম তলানিতে গিয়ে ঠেকার পরে ২০২৫-এর নভেম্বরে দু'দেশ ফের প্রস্তাবিত মুক্ত বাণিজ্য চুক্তি নিয়ে আনুষ্ঠানিক আলোচনা শুরুর সিদ্ধান্ত নেয়। গত জুনে ক্যানাডার কানানাস্কিসে জি-৭ সম্মেলনের ফাঁকে মোদী ও কার্নির বৈঠকের পরে দ্বিপাক্ষিক সম্পর্কে নতুন করে উষ্ণতা তৈরি হয়।

SBI

স্ট্রেসড অ্যাসেটস রিকভারি শাখা, দক্ষিণ বঙ্গ

জীবনদীপ বিল্ডিং, তৃতীয় তল, ১, মিডলটন স্ট্রিট, কলকাতা- ৭০০ ০৭১

ফোন: (০৩৩) ২২৮৮ ৪৪৩৭, ফ্যাক্স: (০৩৩) ২২৮৮ ৪৩০২, ই-মেল: sbi.15196@sbi.co.in

ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

অনুমোদিত আধিকারিকের বিবরণ: নাম: জয়ন্ত অগাস্টাইন মুণ্ড, ই-মেল আইডি: sbi.15196@sbi.co.in, মোবাইল নং: ৯০৫১১০৮৭৪৫ (ক্রম নং ১, ২, ৩, ৪)

অনুমোদিত আধিকারিকের বিবরণ: নাম: নীলাভ দাস, ই-মেল আইডি: sbi.15196@sbi.co.in, মোবাইল নং: ৯৮৭৪৪৫২৭৭৪ (ক্রম নং ৫, ৬, ৭)

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকন্সট্রাকশন অফ ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ তৎসহ পঠিত সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) নিয়মাবলী, ২০০২-এর নিয়ম ৯(১) এবং নিয়ম ৮(৬) অনুযায়ী স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্বারা জনগণকে সাধারণ ভাবে এবং সঙ্গে ঋণগ্রহীতা/ জামিনদাতাগণ/ বন্ধকদাতাগণকে নির্দিষ্ট করে বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, নিম্নে বর্ণিত সুরক্ষিত পাওনাদারের কাছে বন্ধকে থাকা সুরক্ষিত সম্পদগুলি, যা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সুরক্ষিত পাওনাদারের অনুমোদিত আধিকারিক দ্বারা বাস্তবিক দখলে নেওয়া হয়েছে, যেগুলি নিম্নলিখিত তারিখে 'যেখানে আছে সেখানে', 'যা কিছু আছে তা' এবং 'যেমন আছে তেমন' শর্তে বিক্রয় করা হবে।

ই-নিলামের তারিখ ও সময়: তারিখ: ২৮.১০.২০২৬

ই-নিলামের সময়: সকাল ১১.০০টা থেকে বিকেল ৪.০০টে পর্যন্ত সঙ্গে প্রতি দরের জন্য ১০ মিনিটের একাধিকবার বর্ধিত সময়

৬.	মিঃ অরূপ দত্ত, পিতা- মিঃ দুলাল চন্দ্র দত্ত	একটি সম্পূর্ণ ফ্ল্যাট নং ২/ডি-র সমস্ত অংশ উক্ত বহুতল ভবনের তৃতীয় তলে অবস্থিত যার আচ্ছাদিত এরিয়া ৭২০ বর্গফুট এবং সুপার বিল্ট আপ এরিয়া ৯০০ বর্গফুট একই একটু কম বেশি যাতে রয়েছে ২ শোওয়ার ঘর, ১ রান্নাঘর, ১ ডাইনিং তথা ড্রয়িং এবং ২ টয়লেট সাথে প্রাইভি, ১ বারান্দা সঙ্গে জমির অবিভক্ত আনুপাতিক ভাগের পরিমাপ ৫ কাঠা ৭ ছটাক ১৫ বর্গফুট সেখানে থাকা বহুতল ভবন সহ মৌজা ইছাপুরে অবস্থিত, জে.এল নং ৩, রে.সু নং ৮৯, তৌজি নং ৬১৭, আর.এস দাগ নং ৫১২০, ৫১১৯/৫৫৫৯ এবং ৫১১৯, সংশ্লিষ্ট এলআর দাগ নং ৮২৩৫, ৮২৩২ এবং ৮২৩৩ আরএস খতিয়ান নং ১২০৫ এবং ১৬৮৭ এলআর খতিয়ান নং ২২৬৯, ৮২৪০/১, ৩৬৩১, ৩৭১২, ৭৬১৮, ৭৬৯৫, উত্তর ব্যারাকপুর মিউনিসিপ্যালিটির স্থানীয় সীমার মধ্যে, ওয়ার্ড নং ১৮ (নতুন), হোল্ডিং নং ৩০০, স্ট্যান্ড রোড, থানা- নোয়াপাড়া, জেলা- উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, স্বত্বের দলিল নং আই-০৮৩২৯/২০২২ অনুযায়ী মিঃ অরূপ দত্তের নামে রয়েছে। **(সম্পত্তিটি বাস্তবিক দখলের অধীনে রয়েছে)**	৩১,০৪,৪৬০.০০ টাকা (একত্রিশ লক্ষ চার হাজার চারশো ষাট টাকা মাত্র) ৩১/০১/২০২৩ তারিখ পর্যন্ত, সঙ্গে ০১.০২.২০২৩ থেকে লাগু হওয়া পরবর্তী সুদ, খরচ, চার্জ, ইত্যাদি।	ক) ২০,৮৩,০০০.০০ টাকা খ) ২,০৮,৩০০.০০ টাকা গ) ১০,০০০.০০ টাকা যোগাযোগের ব্যক্তি ৯৮৭৪৪৫২৭৭৪ ৭০১৯২২৩৬৯৬
			পরিদর্শনের তারিখ: ০৯.১০.২০২৬ এবং ১৫.১০.২০২৬ পরিদর্শনের সময়: সকাল ১১.০০টা থেকে দুপুর ০৩.০০টে পর্যন্ত	
৭.	মমতা হোসিয়ারি প্রাইভেট লিমিটেড ১২১, বীরডাঙ্গি সেকেন্ড বাই লেন, বেনারস রোড, পোস্ট- নেতাজিগড়, বেলগাছিয়া, হাওড়া- ৭১১১০৮ ডিরেক্টরগণ এবং জামিনদাতাগণ: মিঃ দেবনাথ ঘোষ মিসেস মমতা ঘোষ মিঃ বিশ্বনাথ ঘোষ সবার ঠিকানা: ১২১/১২২, সেকেন্ড বাই লেন, বীরডাঙ্গি, নেতাজিগড়, হাওড়া- ৭১১১০৮	১. জমির সমস্ত অংশের পরিমাপ ২ কাঠা ১ ছটাক ৩৯ বর্গফুট তিনতলা ভবন সহ হোল্ডিং নং- ১২১, বিরাডিঙ্গি সেকেন্ড বাই লেন, জে.এল নং- ০১, খতিয়ান নং- ৬৫, দাগ নং- ২৯২১, ২৯২২, ২৯২৩, ২৯২৪, শিট নং- ০২, মৌজা- বালটিকুড়ি, ওয়ার্ড নং- ৫০, থানা- জগাছা বর্তমানে লিলুয়া, জেলা- হাওড়া, পিন- ৭১১১০৮। দলিল নং- ৬৩, ১৯৯৫ সাল অনুযায়ী ডিএসআর হাওড়ায় শ্রীমতি মমতা গোপ (ঘোষ)- এর নামে রয়েছে। ২. জমির সমস্ত অংশের পরিমাপ ২ কাঠা ১ ছটাক ১৫ বর্গফুট আবাসিক ভবন সহ হোল্ডিং নং- ১২৫/এ, বিরাডিঙ্গি সেকেন্ড বাই লেন, জে.এল নং- ০১, খতিয়ান নং- ৬৫, দাগ নং- ২৯২১, ২৯২২, ২৯২৪, শিট নং- ০২, মৌজা- বালটিকুড়ি, ওয়ার্ড নং- ৫০, থানা- জগাছা বর্তমানে লিলুয়া, জেলা- হাওড়া, পিন- ৭১১১০৮। দলিল নং- ১৮০৪, ১৯৯৭ সাল অনুযায়ী ডিএসআর হাওড়ায় শ্রী বিশ্বনাথ ঘোষের নামে রয়েছে। **(সম্পত্তিটি বাস্তবিক দখলের অধীনে রয়েছে)**	৮,৫৬,৭৪,০২৪.০০ টাকা (আট কোটি ছাপ্পান্ন লক্ষ চুয়াত্তর হাজার চব্বিশ টাকা মাত্র) ২৯/১০/২০২২ তারিখ পর্যন্ত, সঙ্গে ৩০.১০.২০২২ থেকে লাগু হওয়া পরবর্তী সুদ, খরচ, চার্জ, ইত্যাদি।	ক) ১,৫৪,০০,০০০.০০ টাকা খ) ১৫,৪০,০০০.০০ টাকা গ) ২৫,০০০.০০ টাকা যোগাযোগের ব্যক্তি ৯৮৭৪৪৫২৭৭৪ ৮২৮২০১৫৭১০
			পরিদর্শনের তারিখ: ০৯.১০.২০২৬ এবং ১৫.১০.২০২৬ পরিদর্শনের সময়: সকাল ১১.০০টা থেকে দুপুর ০৩.০০টে পর্যন্ত	

ক) বিক্রয়ের বিস্তারিত নিয়ম এবং শর্তাবলীর জন্য দয়া করে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার সুরক্ষিত পাওনাদারের ওয়েবসাইট www.sbi.co.in-এ দেওয়া লিঙ্কে যান এবং সংশ্লিষ্ট ই-নিলামের জন্য তৈরি হওয়া নির্দিষ্ট লিঙ্ক দেখুন: https://BAANKNET.com
খ) আগ্রহী দরদাতা/গণ নিলামের তারিখের আগে পিএসবি অ্যালায়েন্স প্রাইভেট লিমিটেডের রক্ষণাবেক্ষণে থাকা দরদাতাদের অ্যাকাউন্টে গিয়ে চালান তৈরির মাধ্যমে এনইএফটি/ আরটিজিএস করে তাঁর ব্যাঙ্ক অ্যাকাউন্ট দ্বারা ইএমডি মূল্য স্থানান্তর করতে পারেন। কোনও রকম অনুসন্ধানের জন্য যোগাযোগ করুন: support.baanknet@psballiance.com অথবা যোগাযোগের নম্বর: ৮২৯১২ ২০২২০

আগ্রহী দরদাতাদের নিলাম প্রক্রিয়ার অংশগ্রহণের আগে উপরে উল্লেখ করা সাইটে উপলব্ধ নিয়ম ও শর্তাবলীগুলি ভালো করে দেখে নিতে পরামর্শ দেওয়া হচ্ছে।

তারিখ: ০৫.১০.২০২৬
স্থান: কলকাতা

কোনও বিতর্ক সৃষ্টি হলে ইংরাজি সংস্করণটিই প্রাধান্য পাবে

অনুমোদিত আধিকারিক
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া